

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ

ইউনিট-বি

রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং-৭০৭/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২০-২১/৩৪

তারিখ : ২৩/১০/২০২১

বিজ্ঞপ্তি

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ এর পছন্দক্রম (Subject Choice Form) পূরণ করার পর মোট আসন সংখ্যার ভিত্তিতে সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হলো। ভর্তিচ্ছুদের (পোষ্য কোটাসহ) আগামী ২৫/১০/২০২১ থেকে ২৬/১০/২০২১ তারিখ সকাল ৯:০০ থেকে দুপুর ২:০০ পর্যন্ত নিম্নোক্ত ছক অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

গ্রুপ	ভর্তি পরীক্ষার মেধাক্রম	সাক্ষাৎকারের স্থান	ভবনের নাম
গ্রুপ - ১ (বাণিজ্য)	১ - ৯০	সভাপতি হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগ রাঃবিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ১ (বাণিজ্য)	৯১ - ১৮১	সভাপতি ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, রাঃ বিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ১ (বাণিজ্য) গ্রুপ - ২ (বাণিজ্য)	১৮২ - ২২৮ ১ - ৪৪	সভাপতি, মার্কেটিং বিভাগ, রাঃ বিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ২ (বাণিজ্য)	৪৫ - ১৩৫	সভাপতি, ফাইন্যান্স বিভাগ, রাঃ বিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ২ (বাণিজ্য)	১৩৬ - ২৩১	সভাপতি, ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স বিভাগ, রাঃ বিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ১ (অ-বাণিজ্য, বিজ্ঞান) গ্রুপ - ২ (অ-বাণিজ্য, বিজ্ঞান) গ্রুপ - ৩ (অ-বাণিজ্য, বিজ্ঞান)	১ - ২৯ ১ - ২৮ ১ - ২৮	সভাপতি টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, রাঃবিঃ।	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন
গ্রুপ - ১ (অ-বাণিজ্য, কলা) গ্রুপ - ২ (অ-বাণিজ্য, কলা) গ্রুপ - ৩ (অ-বাণিজ্য, কলা) পোষ্য কোটা	১ - ৬ ১ - ৮ ১ - ৬ প্রকাশিত ফলাফল অনুযায়ী বাণিজ্য ও অ-বাণিজ্য সকল গ্রুপ	শিক্ষক লাউঞ্জ (কক্ষ নং ২০৮)	রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবন

সাক্ষাৎকার গ্রহণ শেষে ২৮/১০/২০২১ তারিখে বিভাগের নির্ধারিত আসন অনুযায়ী চূড়ান্ত ফলাফল বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পর ভর্তিচ্ছুদের বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) অন লাইন ভর্তি কার্যক্রম সম্পন্ন করে আগামী ৩১/১০/২০২১ থেকে ০৮/১১/২০২১ তারিখের মধ্যে অনুষদ (ইউনিট-বি) অফিসে এসে অফিস চলাকালীন সময়ে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে। আসন ফাঁকা থাকা সাপেক্ষে ভর্তির জন্য পরবর্তী সাক্ষাৎকার গ্রহণ ও বিভাগ অনুযায়ী চূড়ান্ত তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

ভর্তির সময় প্রার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে :-

- (১) পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
- (২) Online এ পূরণকৃত ভর্তি ফরম ২ (দুই) কপি।
- (৩) এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশীট।
- (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

ক্লাশ শুরুর তারিখ ০১-১২-২০২১।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বি. দ্র. পোষ্য কোটার ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগ প্রধান কর্তৃক পোষ্য কোটার সনদ সাক্ষাৎকার গ্রহণের সময় সংগে আনতে হবে।



২৩.১০.২০২১

(প্রফেসর ড. জিন্নাত আরা বেগম)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা কমিটি-২০২০-২১

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, রাঃ বিঃ